# মিরকাদিম পৌরসভা কার্যালয়, মুন্সীগঞ্জ।

Web: https://mirkadimps.munshiganj.gov.bd
e-mail : mayormirkadim1995@gmail.com

স্মারক নং: মিকা/পৌর/প্রশা/১-১১৪/২০২৬-৩২৩ তারিখ : ১৭/০৬/২০২৬ খ্রি.

## 'নিয়োগ বিজ্ঞপ্তি'

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০০০.০৬৩.১১.০০০১.২৫-৪২৯, তারিখ : ০৯ জুন ২০২৬ খ্রি. এর ছাড়পত্রের প্রেক্ষিতে মুন্সীগঞ্জ জেলার মিরকাদিম পৌরসভায় নিম্নলিখিত শূন্যপদসমূহে কর্মচারী নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে লিখিত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী কর আদায়কারী | ১ (এক) টি | গ্রেড-১৫ (৯,৭০০-২৩,৪৯০) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী। |
| ০২ | সহকারী এসেসর | ১ (এক) টি | গ্রেড-১৫ (৯,৭০০-২৩,৪৯০) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী। |
| ০৩ | সহকারী লাইসেন্স পরিদর্শক | ১ (এক) টি | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ০৪ | কঞ্জারভেন্সী সুপারভাইজার | ১ (এক) টি | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | এইচ.এস.সি পাশ। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ০৫ | নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক | ১ (এক) টি | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলায় ৩০ এবং ইংরেজীতে ৪০ শব্দের গতি থাকতে হবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। তবে এই পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। |
| ০৬ | আদায়কারী | ১ (এক) টি | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | স্বীকৃত শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ০৭ | সার্ভেয়ার | ১ (এক) টি | গ্রেড-১৫ (৯,৭০০-২৩,৪৯০) | স্বীকৃত প্রতিষ্ঠান হতে সার্ভেয়ারশীপ অথবা সাব ওভারশীপ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৮ | পাম্পচালক | ১ (এক) টি | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | ৮ম শ্রেণি পাস। সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সার্টিফিকেটধারীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৯ | সড়কবাতি পরিদর্শক | ১ (এক) টি | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসহ স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। |
| ১০ | বিদ্যুৎ মিস্ত্রী | ১ (এক) টি | গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট কোর্সে বি-সেকশন লাইসেন্সধারী হতে হবে। |
| ১১ | পাইপ লাইন মেকানিক | ১ (এক) টি | গ্রেড-১৭ (৯,০০০-২১,৮০০ ) | ৮ম শ্রেণি পাশ। পাম্প চালনা ও পানি সরবরাহের কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১২ | অফিস সহায়ক | ১ (এক) টি | গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০) | ৮ম শ্রেণি পাশ। |
| ১৩ | প্রহরী | ১ (এক) টি | গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০) | ৮ম শ্রেণি পাশ এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে। |
| ১৪ | দারোয়ান | ১ (এক) টি | গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০) | ৮ম শ্রেণি পাশ এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে। |
| ১৫ | মালি | ১ (এক) টি | গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০) | ৮ম শ্রেণি পাশ। বাগানের কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| | মোট = | ১৫ (পনেরো) টি | | |

**শর্তাবলী :**

০১। প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র আগামী ৩০/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০২। ৩০/০৭/২০২৬ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।

০৩। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান/পত্র যোগাযোগের ঠিকানা, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, বয়স, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে আবশ্যিক) ইত্যাদি উল্লেখ করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
- (ক) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভা মেয়র/প্রশাসক/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
- (খ) অনলাইন জন্ম নিবন্ধন সনদপত্র/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদপত্রের কপি
- (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- (ঙ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।
- (চ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান হতে অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে আবশ্যিক) সনদপত্র।

০৫। আবেদনপত্রের সাথে প্রশাসক, মিরকাদিম পৌরসভা, মুন্সীগঞ্জ বরাবর যে কোন তফসিলি ব্যাংক হতে ০১-১০ নং ক্রমিকের পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং ১১-১৫ নং ক্রমিকের পদের জন্য পর্যন্ত ২০০/- (দুইশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

০৬। খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

০৭। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত বা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌছাতে হবে।

০৯। একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না।

১০। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র (সত্যায়িত কপি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১২। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৩। পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর শর্তাবলী নিয়োগ ও চাকুরির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৭/০৬/২৬

(মোঃ মাসুদুর রহমান)
প্রশাসক
মিরকাদিম পৌরসভা
মুন্সীগঞ্জ।